গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিগঞ্জ, সাতক্ষীরা।

স্মারক নং : ০৫.৪৪.৮৭৪৭.০০০.২৬.০০১.২০- ৪৬০ তারিখ : ২০/০৪/২০২০খ্রি:

**বিষয় : করোনা ভাইরাস (কোভিড-১৯) মোকাবেলায় কর্মসম্পাদনা সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) মোকাবেলায় এ উপজেলায় সুদক্ষ কর্মসম্পাদনা ও গৃহীত পরিকল্পনা মহোদয়ের সদয় অবগতির জন্য নিম্নে উপস্থাপনা করা হলো।

| ক্র: নং | গৃহীত কর্মপরিকল্পনা | জনবলের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | বিদেশ হতে আগত বা স্থানীয় কারো হোম কোয়ারেন্টাইন করার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি)কে আহবায়ক করে ০৪ সদস্য বিশিষ্ট Quick response team গঠন করা হয়েছে। | ০৪ জন | |
| ০২ | এ উপজেলাধীন ১২টি ইউনিয়নে সম্প্রতি প্রাণঘাতি করোনা ভাইরাসের প্রভাবে এবং এর অজুহাতে বাজারে বিভিন্ন নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্যের দাম বাড়ানো হচ্ছে। কোয়ারেন্টিন নিশ্চিত করা হচ্ছে কিনা? তা সার্বক্ষণিক নজরদারি ও তদারকীর জন্য ৭২ সদস্য বিশিষ্ট ইউনিয়ন ট্যাগ টিম গঠন করা হয়েছে। | ৭২ জন | |
| ০৩ | এ উপজেলার ১২টি ইউনিয়নে হাট-বাজারে সার্বক্ষণিক বাজার মনিটরিং করার জন্য ৪৮ সদস্যের সমন্বয়ে সার্বক্ষণিক বাজার মনিটরিং টিম গঠন করা হয়েছে। | ৪৮ জন | |
| ০৪ | করোনা ভাইরাস প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত যেকোন পরিস্থিতি মোকাবেলায় তথ্য আদান-প্রদানের লক্ষ্যে কালিগঞ্জ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কন্ট্রোল রুম খোলা হয়েছে। কন্ট্রোল রুমে ১৬ জন কর্মকর্তা/কর্মচারীকে দায়িত্ব প্রদান করা হয়েছে। উক্ত কন্ট্রোল রুম ২৪ ঘন্টা খোলা রয়েছে (টেলিফোন নং- ০৪৭২৫৫৬০৭০ এবং ০৪৭২৫৫৬০০৯)। | ১৬ জন | |
| ০৫ | করোনা ভাইরাস আক্রান্ত দেশ/জেলা/এলাকা হতে আগতদের তথ্য নির্ভুলভাবে সংগ্রহের লক্ষ্যে কালিগঞ্জ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ০৭ সদস্য বিশিষ্ট তথ্য লিপিবদ্ধকরণ সেল খোলা হয়েছে। | ০৭ জন | |
| ০৬ | এ উপজেলার প্রত্যেক ওয়ার্ডে ১০ জন করে মোট ১,০৮০ জন স্বেচ্ছাসেবককে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের মাধ্যমে দায়িত্ব প্রদান করা হয়েছে। | ১০৮০ জন | |
| ০৭ | ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ে দায়িত্বরত স্বেচ্ছাসেবক কর্মীর কাজ সার্বক্ষণিক তদারকির জন্য ১২টি ইউনিয়নে ১২ জন তদারিক কর্মকর্তা নিয়োগ করা হয়েছে। | ১২ জন | |
| ০৮ | সকল স্বেচ্ছাসেবক, তদারকি কর্মকর্তা/কর্মচারীর কাজ তাৎক্ষণিক তদারকির জন্য করোনা ফাইটিং টিম গঠন করা হয়েছে। কোথাও কোন অভিযোগ পাওয়ার সাথে সাথে ফেইসবুক গ্রুপে অথবা কালিগঞ্জ ফেইসবুক আইডির ইনবক্সে তথ্য প্রদান করা হচ্ছে। | ২১০ জন | |
| ০৯ | করোনা ভাইরাসের কারণে কর্মহীন হয়ে যাওয়া দরিদ্র জনগোষ্ঠীকে (যেমন-ভিক্ষুক, ভবঘুরে, দিনমজুর, রিক্সাচালক, ভ্যানগাড়ী চালক, পরিবহন শ্রমিক, রেস্টুরেন্ট শ্রমিক, ফেরীওয়ালা, চায়ের দোকানদার) তাৎক্ষণিক মানবিক সহায়তা (সরকারি ত্রাণ) বিতরণের জন্য ১২টি ইউনিয়নের প্রতিটি ওয়ার্ডে ০১ জন করে মোট ১০৮ জন কর্মকর্তা/কর্মচারী উপজেলা প্রশাসনের প্রতিনিধি হিসাবে নিয়োগ করা হয়েছে। | ১০৮ জন | |
| ১০ | জরুরী প্রয়োজনে বিভিন্ন মালামাল ইউনিয়ন পর্যায়ে পৌঁছানোর জন্য ০৪ সদস্য বিশিষ্ট মালামাল পরিবহন কমিটি গঠন করা হয়েছে। | ০৪ জন | |
| ১১ | করোনা ভাইরাসে মৃত দেহ সৎকারের জন্য ১০ সদস্য বিশিষ্ট লাশ সৎকার কমিটি গঠন করা হয়েছে। | ১০ জন | |
| ১২ | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের প্রাণঘাতি করোনা ভাইরাস বিস্তার রোধে সর্বসাধারণকে ইবাদত/উপাসনা নিজ নিজ ঘরে পালনের নির্দেশ সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তির আলোকে সরকারি নির্দেশ পালন করার জন্য এ উপজেলার সকল ইউপি চেয়ারম্যান, ইউপি সদস্য, সভাপতি/সাধারণ সম্পাদক সকল জামে মসজিদের ইমাম, মুয়াজ্জিন ও ইসলামিক ফাউন্ডেশন-এর ৩৫০ জন সদস্যের মাধ্যমে ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | ৩৫০ জন | |
| ১৩ | করোনা ভাইরাস প্রতিরোধ ও এর প্রাদুর্ভাবজনিত যে কোন পরিস্থিতি মোকাবেলায় সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়ের ক্ষেত্রে সকল মুদিদোকান, ঔষধের ফার্মেসী ও বাজারে ০৩ হাত দূরত্ব বজায় রেখে গোল/আয়তাকার বক্স নির্ধারণের ব্যবস্থা করা হয়েছে। | - | |

চলমান পাতা-০২

| | | | |
|---|---|---|---|
| ১৪ | উপজেলা প্রশাসন, কৃষি ও মৎস্য কর্মকর্তার পরিচালনায় ১১০টি ভ্রাম্যমান ভ্যানে (Kaliganj Online Shop) ভ্রাম্যমান বাজারের মাধ্যমে কাঁচাবাজার, মাছ (Kaliganj Fresh and Safe Fish Market) ও ফলসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যের বাজার চালু করা হয়েছে। যারা উপজেলার বিভিন্ন প্রান্তে ফোন কলের ভিত্তিতে বাজার হোম ডেলিভারী দিয়ে যাচ্ছেন। প্রতিদিন একজন উদ্যোক্তার গড় বিক্রি ৩,৫০০ টাকা হারে মোট বিক্রির পরিমান প্রায় ৩,৮৫,০০০ টাকা হচ্ছে। | ১১০ জন | |
| ১৫ | এ উপজেলা সকল গরুর হাট বন্ধ করে দেয়া হয়েছে। তাছাড়া সকল কাঁচাবাজার খোলা মাঠের মধ্যে সামাজিক দূরত্ব বজায় রেখে বসানো হয়েছে। | | |
| ১৬ | WHO এর অন লাইন কোর্স সম্পন্ন করেছেন এমন ১৫জন সদস্য নিয়ে কালিগঞ্জ করোনা এক্সপার্ট টিম গঠন করা হয়েছে। WHO এর অন লাইন কোর্স সম্পন্ন করা হলে প্রতিটি ইউনিয়নে ২০ জন করে মোট ২৪০ জনের সমন্বয়ে করোনা এক্সপার্ট টিম গঠনের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। | ২৫৫ জন | |
| ১৭ | নারায়নগঞ্জসহ বিভিন্ন জেলা থেকে আগত ইটভাটা শ্রমিকসহ বিভিন্ন শ্রমিকদের এ উপজেলার ১২টি ইউনিয়নের ১১৬টি শিক্ষা প্রতিষ্ঠানে মোট ২,২৩২ জন শ্রমিককে ১৪ দিনের প্রাতিষ্ঠানিক কোয়ারেন্টাইন চলমান রাখা হয়েছে। প্রত্যেককে ১০ কেজি চাউলসহ নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদি সরকারি খাদ্য সহায়তা প্রদান করা হচ্ছে। এ কাজে ১২ জন ইউপি চেয়ারম্যান, ১০৮ জন ইউপি সদস্য, ১০৮ জন ট্যাগ অফিসার, সংশ্লিষ্ট ১১৬টি প্রতিষ্ঠান প্রধান, ১০৮জন গ্রাম পুলিশ নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। | ৪৫২ জন | |
| ১৮ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ে ১০৪ জন কর্মকর্তা/কর্মচারীকে নিজ নিজ টেকনিক্যাল যোগ্যতা অনুযায়ী তাদের দাপ্তরিক কাজের পাশাপাশি করোনা ভাইরাস প্রতিরোধের কাজে উপজেলা করোনা ভাইরাস প্রতিরোধ কমিটির সদস্য সচিব ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কালিগঞ্জ, সাতক্ষীরাকে সহযোগিতার জন্য ট্যাগ করা হয়েছে। | ১০৪ জন | |
| ১৯ | টিসিবি-এর নিত্য প্রয়োজনীয় দ্রব্য খোলা বাজারে বিক্রয়ের সার্বিক কার্যক্রম মনিটরিং/নজরদারি করার জন্য ০৪ সদস্য বিশিষ্ট মনিটরিং/তদারকি কমিটি গঠণ করা হয়েছে। | ০৪ জন | |
| | সর্বমোট- | ২৮৪৬ জন | |

প্রাণঘাতি করোনাভাইরাস বিস্তার রোধে এ উপজেলায় যথাযথভাবে সুরক্ষা নিশ্চিত করার নিমিত্ত সামাজিক দূরত্ব বজায় রাখা, সরকারি খাদ্য সহায়তা বিতরণ কর্মসূচী বাস্তবায়ন, সুষ্ঠু বাজার ব্যবস্থাপনা, কোয়ারেন্টাইন নিশ্চিত করার নিমিত্ত এ উপজেলার ২,৮৪৬ জন কর্মকর্তা/কর্মচারী নিরলসভাবে তাদের দায়িত্ব পালন করে যাচ্ছেন। তাছাড়া পুলিশ বিভাগ এবং কালিগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের ডাক্তার, নার্স ও কর্মকর্তা/কর্মচারীগণ, বাংলাদেশ সেনাবাহিনীর সদস্যগণ ও জনপ্রতিনিধিগণ যথাযথভাবে তাদের দায়িত্ব পালন করে যাচ্ছেন। এ উপজেলায় সম্মিলিতভাবে সকলের সুদক্ষ কর্মসম্পাদনা এবং নিম্নস্বাক্ষরকারীর পরিকল্পনায় করোনা ভাইরাস প্রতিরোধে সার্বিক কার্যক্রম অব্যাহত রাখা হয়েছে।

ইহা মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয়ে অনুরোধ জানানো হলো।

২০/০৪/২০২০
মো: মোজাম্মেল হক রাসেল
উপজেলা নির্বাহী অফিসার
কালিগঞ্জ, সাতক্ষীরা।

জেলা প্রশাসক
ও
জেলা ম্যাজিস্ট্রেট
সাতক্ষীরা।